[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদার ডুগডুগী বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগি বাজারে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে তিনজন মোটরসাইকেল চালক ও একজন প্রকাশ্যে ধূমপায়ির জরিমানা করা হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম এই জরিমানা করেন।

জানা গেছে, মোটরসাইকেল সড়ক পরিবহন আইন ৬৬ ধারা মোতাবেক আলমডাঙ্গার সোবহান হোসেনের ছেলে আরজ আলীর ৩ হাজার টাকা, একই আইনে ডুগডুগি গ্রামের মৃত মুক্তার আলীর ছেলে হারুন অর রশিদ এর ১ হাজার টাকা এবং জীবননগর উথলী গ্রামের মজনু মিয়ার ছেলে এনামুল হক এর ১ হাজার টাকা জরিমানা করা হয়। একই সময় দর্শনা আজিমপুরের ফজলমিয়ার ছেলে আব্দুল হান্নান কে প্রকাশ্যে ধুমপান করার অপরাধে, ধূমপান তামাক জাত আইন ৪/৬ ধারা মোতাবেক ৩০০ টাকা জরিমানা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন পেশকার আসমান আলী এবং দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম।

মেহেরপুরের বারাদীতে আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন

মেহেরপুরের বারাদীতে উত্তম গ্রাহক সেবায় প্রত্যয়ে পূর্ণাঙ্গ ব্যাংকিং সুবিধা নিয়ে আইএফআইসি ব্যাংকের ১০১৪তম উপশাখার উদ্বোধন

করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর ১২ টায় বারাদী বাজারের আন্নাচ নিউ মার্কেট দ্বিতীয় তলায় আইএফআইসি ব্যাংকের উপশাখার উদ্বোধন করা হয়। বারাদী বাজার উপশাখার ম্যানেজার সোহরাব হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বারাদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দর্শনা শাখার অফিসার এস এম সাব্বির আহমেদ, বারাদী উপশাখার ইনচার্জ ইমরান হোসেন, টিএসও মনিলুর রহমান।এছাড়া উপস্থিত ছিলেন বারাদী বাজার কমিটির সভাপতি হাজী লিয়াকত আলী সর্দার, সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান, বারাদী বাজারের ব্যবসায়ীসহ অত্র এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দায়িত্ব নিয়েই টেণ্ডার বিতর্কে জেলা পরিষদ চেয়ারম্যান

মেহেরপুর জেলা পরিষদের গাছ বিক্রয়ের দরপত্র জমা দিতে বাঁধা দেওয়ার অভিযোগ তুলেছেন সিডিউল ক্রেতারা। এ কাজে জেলা পরিষদের নবাগত চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালামের কারসাজি বলে তারা অভিযোগ করেছেন।

তবে অভিযোগ অস্বীকার করে জেলা পরিষদ চেয়াম্যানের দাবী করেছেন তিনি নতুন লোক। তার গায়ে কাদা লাগানোর ষড়যন্ত্র করা হচ্ছে।

এ ঘটনায় আব্দুল লতিফ নামের এক সিডিউল ক্রেতা মেহেরপুর জেলা প্রেস ক্লাব, মেহেরপুর প্রেস ক্লাবসহ বিভিন্ন দপ্তরে অভিযোগ দিয়েছেন।

জানা গেছে, মুজিবনগর-দর্শনা সড়কের ১৩৯টি ও মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশনের একটি মেহগনীসহ মোট ১৪০টি গাছের বিক্রয়ের দরপত্র জমা দেওয়ার শেষ সময় ছিলো গতকাল ২০ ডিসেম্বর মঙ্গলবার দুপুর ১টা পর্যন্ত। জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং পুলিশ সুপার কার্যালয়ে দরপত্র বাক্স রাখার কথা।

অভিযোগ দিতে বলেন। সেখানে না পেয়ে আমি আর কোথাও যায়নি। সময়ের ব্যাপারে তিনি বলেন, এসপি অফিসের সিসি টিভি ফুটেজ দেখলেই বুঝা যাবে।

জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মীর আলিফ রেজা মেহেরপুর প্রতিদিনকে বলেন, পুলিশ সুপার কার্যালয়ের একজন দেরি করে গিয়ে সিডিউল জমা দিতে পারেননি এমন অভিযোগ পেয়েছি। তবে জেলা প্রশাসকের কার্যালয় বা জেলা পরিষদে সিডিউল জমা দিতে পারেননি এমন কোন অভিযোগ পাননি।
তিনি আরো বলেন, পুলিশ সুপার কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ের টেণ্ডার বক্স থেকে কোন সিডিউল পাওয়া যায়নি। তবে জেলা পরিষদের টেণ্ডার বক্স থেকে ২ সেট সিডিউল পাওয়া গেছে। আগামী ২ জানুয়ারি মূল্যায়ন কমিটির সভা থেকে এ বিষয়ে সিদ্ধান্ত হবে। তার আগে কোন মন্তব্য করা যাচ্ছে না।

জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম মেহেরপুর প্রতিদিনকে বলেন, টেণ্ডার জমা দেওয়া নিয়ে কোন রকম ধস্তাধস্তি বা বাঁধা দেওয়ার ঘটনা ঘটেনি। তিনি পাল্টা অভিযোগ করে বলেন, নির্ধারিত সময়ের পরে টেণ্ডার ড্রপ করতে গিয়ে তারা জমা দিতে পারেনি বলে অভিযোগ পেয়েছি। তিনি বলেন, জেলা পরিষদ, জেলা প্রশাসকের কার্যালয় ও এসপি অফিসে ছিলো। কেউ যদি আওয়াজ দেয়, জমা দেব জমা দেব, আমাকে টাকা দেও। কিছু কাগজ নিয়ে যদি বলে আমাকে টাকা দাও, আমি কি কাউকে টাকা দেওয়ার ক্ষমতা রাখি? এসপি অফিসে বক্স ছিলো না উত্তরে তিনি বলেন ছিলো এবং স্বপক্ষে পুলিশ সুপার কার্যালয়ের একটি চিটিও দেখান। তিনি বলেন, আমি নতুন লোক, আমার গায়ে কাঁদা লাগানোর চেষ্টা চলছে।

জীবননগর থানা পরিদর্শন করলেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম

জীবননগর থানা পরিদর্শন করলেন জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান।

আজ মঙ্গলবার বেলা ১২টার সময় জীবননগর থানা পরিদর্শন করেন জেলা

প্রশাসক আমিনুল ইসলাম খান এর আগে জীবননগর থানা পুলিশের পক্ষ থেকে জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক।

এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান,জীবননগর থানার ওসি (তদন্ত) স্বপন কুমার,এস আই নাহিরুল ইসলাম,এস,আই রায়হান,এস,আই সিদ্ধার্ত,এস,আই সাজ্জাদ প্রমুখ।

জীবননগর পৌরসভায় শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ

জীবননগর পৌর সভার অসহায় হতদরিদ্র শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর পৌরসভা পরিদর্শন করেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক আমিনুল ইসলাম খান।

পৌরসভা পরিদর্শন শেষে পৌরসভার ছিন্নমূল শীতার্ত মানুষের শীত নিবারনের জন্য কম্বল বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র,জীবননগর পৌর কাউন্সিলার ও প্যানেল মেয়র শহিদুল ইসলাম পৌর সচিব জায়েদ হোসেন,পৌর কাউন্সিলার জামাল হোসেন খোকন,আবুল কাশেম,জয়নাল আবেদীন,আপিল উদ্দিন,খোকন মিয়া,মহিলা কাউন্সিলার রিজিয়া খাতুন,বিউটি খাতুন,পরিছন বেগম প্রমুখ।

‘বছরের প্রথম দিনই সব শিক্ষার্থী পাবে নতুন বই’

শিক্ষা খাতে সরকারের অগ্রাধিকারের কথা তুলে ধরে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ‘বর্তমানে বিশ্ব অর্থনৈতিক মন্দায় কাগজ, কালিসহ পুস্তক তৈরির সব উপকরণের দাম লাগামহীন। এমন পরিস্থিতিতেও শিক্ষাখাতকে অগ্রাধিকারে রেখেছে সরকার। এজন্য জানুয়ারি প্রথম দিনই দেশের সব শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেওয়া হবে।’

মঙ্গলবার (২০ ডিসেম্বর) নাটোরের অনিমা চৌধুরী মিলনায়তনে বিজয় দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে দীপু মনি আরও বলেন, ‘আওয়ামী সরকার ক্ষমতায় আসার পর থেকে কোমলমতি শিশুদের কথা বিবেচনা করে বছরের প্রথম দিনই তাদের হাতে বই পৌঁছে দিয়েছে। এমনকি বিগত করোনা মহামারিকারী সময়ও অর্থনৈতিক মন্দা সত্ত্বেও শিক্ষার্থীদের হাতে জানুয়ারির ১ তারিখে বই তুলে দেওয়া হয়েছে।’

তিনি জানান, সব প্রতিষ্ঠানে জ্ঞাননির্ভর শিক্ষা চালুর ব্যাপারে উদ্যোগ নিয়েছে সরকার।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডক্টর মশিউর রহমানের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন– শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আব্দুল কুদ্দুস, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য শফিকুল ইসলাম শিমুল, নাটোর জেলা পরিষদ চেয়ারম্যান অ্যাডভোকেট সাজেদুর রহমান খান, মুক্তিযোদ্ধা শিরিন আক্তার ও নাটোর নবাব সিরাজ উদ দৌলা সরকারি কলেজের অধ্যক্ষ জহিরুল ইসলাম।

সূত্র: ইতেফাক

কুষ্টিয়ায় এতিমখানা ও মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার খোকসায় এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে খোকসা উপজেলার শোমসপুর ইউনিয়নের ধুশুন্ধ গ্রামে সরদার মমতাজ আজহার এতিমখানা ও হাফেজিয়া খানা ও জয়ন্তীহাজরা ইউনিয়নের উথলী গ্রামের উথলী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে এসব শীতবস্ত্র উপহার স্বরুপ বিতরণ করা হয়।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র উদ্যোগ ও দক্ষিন কোরিয়া প্রবাসি আশরাফুল ইসলাম রোমান এর অর্থায়নে কতটা কম্বল বিতরণ করা হয়।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র চেয়ারম্যান আশিকুল ইসলাম চপলের সভাপতিত্বে খোকসা সরকারি কলেজের বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ওয়াজেদ বাঙ্গালী, শোমসপুর ইউনিয়নের ধুশুন্ধ গ্রামে সরদার মমতাজ আজহার এতিমখানা ও হাফেজিয়া খানার মুহতামিম হাফেজ আব্দুর রহমানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র চেয়ারম্যান আশিকুল ইসলাম চপল বলেন, শীতে কারও যেন কষ্ট না হয় এজন্য আমরা চেষ্টা করি দুস্থ শীতার্তদের জন্য শীতবস্ত্রের ব্যবস্থা করে থাকি। শুধুমাত্র সমাজের অবহেলিত অসহায় শীতার্ত মানুষই নয়, মাদ্রাসার এতিম শিশুদের কথা চিন্তা করে সংগঠনটির মাধ্যমে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গাংনীতে প্রায় ৬ কোটি টাকার তিনটি প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে প্রায় ৬ কোটি টাকার তিনটি প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে এসব প্রকল্পের উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

প্রকল্পগুলো হচ্ছে- গাংনীর ধানখোলা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন, কচুই খালী ব্রীজ ও ভাটপাড়া – জালশুকা সড়ক।

গাংনী উপজেলা প্রকৌশল অফিস সুত্রে জানা গেছে, ৬১ লাখ টাকা ব্যায়ে স্থানীয় ধানখোলা প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন, চার কোটি ৭১ লাখ টাকা ব্যায়ে কচুইখালী ব্রীজ ও ৬৫ লাখ টাকা ব্যায়ে ভাটপাড়া – জালশুকা সড়ক নির্মাণ করা হচ্ছে। ইতোমধ্যে ধানখোলা প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজ শেষ হয়েছে।

এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, গ্রামের সাথে শহরের সরাসরি যোগাযোগ স্থাপনের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে। এরই ধারাবাহিকতায় ব্রীজ ও সড়ক নির্মানের প্রকল্প গ্রহন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদসহ স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মীগন উপস্থিত ছিলেন।

গাংনীর বাঁশবাড়ীয়া বাজারে দুই ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমনা

মেহেরপুরে গাংনী উপজেলার বাঁশবাড়ীয়া বাজারে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করে মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও বিক্িরে এবং অস্বাস্থ্যকর পরিবেশের কারণে দুই ব্যবসা প্রতিষ্ঠানকে ৬ হাজার

জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার দুপুরে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) তারিকুল ইসলাম ও গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম অভিযানে সহযোগীতা করেন।

সহকারী পরিচালক সজল আহমেদ জানান, গাংনীর বাঁশবাড়ীয়া বাজারের হোটেল, মুদিখানা, হার্ডওয়্যার, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের কয়েকটি প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় মেসার্স মিজান স্টোরে অস্বাস্থ্যকর পরিবেশ, মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৫১ ধারায় ৪ হাজার জরিমানা করা হয়।এছাড়া খালেক হোটেলকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার তৈরি ও তারিখ বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে একই আইনের ৩৭ ও ৪৩ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান চলাকালে অন্যান্য প্রতিষ্ঠানগুলো সতর্ক করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।